



# المدرسة السديقية الفاضلية بآড়া

## Kazipara Siddiquia Fazil Madrasah

### কাজীপাড়া ছিদ্দীকিয়া ফাযিল মাদরাসা

কাজীপাড়া, কাফরুল, ঢাকা-১২১৬, মাদরাসা কোডঃ ১১০৪৮, ফোন-৯০০৩০৪৮  
EIN-108201, E-mail: kssmbd@yahoo.com

স্মারক নং

তারিখঃ .....

### নোটিশ-১৮/২০২৪

এতদ্বারা কাজীপাড়া ছিদ্দীকিয়া ফাযিল মাদরাসার শিক্ষার্থী ও শিক্ষক-কর্মচারীগণকে জানানো যাচ্ছে যে, শীত, তাপদাহ এবং অন্যান্য কারণে শ্রেণি কার্যক্রম বন্ধ থাকার ফলে শিখন ঘাটতি পূরণ এবং ০৩ জুলাই ২০২৪ খ্রি. তারিখ হতে ষান্মাষিক সামষ্টিক মূল্যায়নের সময়সূচী নির্ধারিত থাকায় তার পূর্ব প্রস্তুতির লক্ষ্যে সরকার বাহাদুর শিক্ষা প্রতিষ্ঠানের গ্রীষ্মকালীন ছুটি সংক্ষিপ্ত করেছেন। যার স্মারক নং ৩৭.০০০০০০.০৭১.০৪.০০২.০২(অংশ)-২৮১ তারিখ ২০ জুন, ২০২৪ খ্রি.।

এরই পাশাপাশি পূর্বের ন্যায় সাপ্তাহিক ছুটি শনিবার পুনর্বহাল করেছেন। তবে আগামী ০৩ জুলাই ২০২৪ খ্রি. তারিখ হতে অনুষ্ঠিতব্য ষান্মাষিক সামষ্টিক মূল্যায়নের সময়সূচিতে শনিবার অন্তর্ভুক্ত থাকলে মূল্যায়নসহ অন্যান্য কার্যক্রম চলবে এবং ঐ দিন শিক্ষা প্রতিষ্ঠান খোলা থাকবে। মাননীয় রাষ্ট্রপতির আদেশক্রমে শিক্ষার্থীদের শিখন ঘাটতি পূরণ ও ষান্মাষিক পরীক্ষার পূর্ব প্রস্তুতির লক্ষ্যে আগামী ২৬ জুন ২০২৪ খ্রি. রোজ বুধবার থেকে মাদরাসা খোলা থাকবে এবং যথারীতি শ্রেণি কার্যক্রম চলমান থাকবে। সকল শ্রেণির শিক্ষার্থী ও শিক্ষক-কর্মচারীগণকে যথাসময়ে মাদরাসায় উপস্থিত হয়ে শ্রেণি কার্যক্রম প্রাণবন্ত করার জন্য নির্দেশ দেয়া হলো।

২১/০৬/২০২৪

এ এইচ এম আমিনুর রহমান  
অধ্যক্ষ/সদস্য সচিব  
ইনভেন্স নং-৩৪০৮৮৩  
কাজীপাড়া ছিদ্দীকিয়া ফাযিল মাদরাসা  
কাফরুল, ঢাকা-১২১৬